

**গণযোগাযোগ অধিদপ্তর**  
এবং  
**বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড**  
এর মধ্যে  
**সমঝোতা স্মারক**

**গণযোগাযোগ অধিদপ্তর :** গণযোগাযোগ অধিদপ্তর তথ্য মন্ত্রণালয়ের অধীন সরকারের একটি অন্যতম প্রচারধর্মী প্রতিষ্ঠান। জেলা ও উপজেলা পর্যায়ে ৬৮ তথ্য অফিসের মাধ্যমে এ অধিদপ্তর সারাদেশে সরকারের উন্নয়নের বার্তা পৌঁছে দিতে কাজ করে যাচ্ছে। গণযোগাযোগ অধিদপ্তরস্বাধীন তথ্য অফিসসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রতিমাসে সিনেমা হল পরিদর্শন করে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের কাজে সহযোগিতা করছে।

**বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড :** বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড দেশি-বিদেশি, বাণিজ্যিক-অবাণিজ্যিক বাংলা ও ইংরেজি চলচ্চিত্র, ট্রেইলার, বিজ্ঞাপনচিত্র, বিভিন্ন উৎসব ও দূতাবাসের চলচ্চিত্র সেন্সরপূর্বক সনদ প্রদান করে আসছে। এক্ষেত্রে সংস্কৃতির বিকাশের মাধ্যমে উন্নত জাতি গঠনের লক্ষ্যে সুস্থ চলচ্চিত্রের বিকাশের জন্য বিদ্যমান সেন্সরশিপ আইন, বিধিমালা ও নীতিমালার প্রয়োগ নিশ্চিত করছে। বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের চলচ্চিত্র পরিদর্শকগণ প্রতিমাসে বিভিন্ন জেলায় সিনেমা হল পরিদর্শন করে থাকে।


**সমঝোতা স্মারকের উদ্দেশ্য :** যেহেতু মাঠ পর্যায়ে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের কোনো কার্যালয় নেই, সেহেতু সিনেমা হল পরিদর্শনসহ চলচ্চিত্র সংশ্লিষ্ট কাজের ক্ষেত্রে গণযোগাযোগ অধিদপ্তরস্বাধীন জেলা তথ্য অফিসসমূহ এবং বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড এর মধ্যে বিভিন্ন ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা প্রদান।

**সমঝোতা স্মারক**

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড এর পক্ষে ভাইস চেয়ারম্যান এবং গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালকের পক্ষে পরিচালক (প্রচার ও সমন্বয়) এর মধ্যে ২০ জুন ২০১৯ তারিখে এই সমঝোতা স্মারক স্বাক্ষরিত হলো।

**সহযোগিতার ক্ষেত্র**

১. বাংলাদেশে বর্তমানে চালু থাকা এবং বন্ধ হয়ে যাওয়া সিনেমা হলের একটি তালিকা প্রণয়ন। পাশাপাশি চালু থাকা সিনেমা হল নিয়মিত পরিদর্শন;
২. জেলা পর্যায়ে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের বিরুদ্ধে দায়েরকৃত চলচ্চিত্র সংশ্লিষ্ট মামলা তদারকিতে সহযোগিতা;
৩. জেলা তথ্য অফিসের সাথে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের নিয়মিত যোগাযোগের মাধ্যমে চলচ্চিত্রে অশ্লীলতা ও পাইরেসির বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।



চলমান পাতা-২

## মেয়াদ

এই সমঝোতা স্মারক স্বাক্ষরের তারিখ হতে কোন কারণে বাতিল না করা পর্যন্ত কার্যকর থাকবে।

গণযোগাযোগ অধিদপ্তর এবং বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড উভয় পক্ষই লিখিত নোটিশের মাধ্যমে এই সমঝোতা স্মারক বাতিল করতে পারবে। তবে এই ধরনের কোনো নোটিশ প্রাপ্তির পরবর্তী ১৮০ দিন পর্যন্ত এই সমঝোতা স্মারকের মেয়াদ বলবৎ থাকবে এবং তৎপরবর্তী সময়ে অর্থাৎ নোটিশ প্রাপ্তির ১৮০ দিন পর ইহা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।


## সমঝোতা স্মারকের ক্ষেত্রে গণযোগাযোগ অধিদপ্তরের দায়িত্ব

১. বাংলাদেশে বর্তমানে চালু থাকা এবং বন্ধ হয়ে যাওয়া সিনেমা হলের জেলাভিত্তিক তালিকা প্রণয়ন করে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে প্রেরণ করবে। পাশাপাশি চালু থাকা সিনেমা হল নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখবে;
২. জেলা পর্যায়ে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের বিরুদ্ধে দায়েরকৃত চলচ্চিত্র সংশ্লিষ্ট মামলা তদারকিতে প্রয়োজনীয় সহযোগিতা করবে;
৩. বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের চাহিদা সাপেক্ষে চলচ্চিত্রে অশ্লীলতা ও পাইরেসির বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জেলা তথ্য অফিস সহযোগিতা করবে।

## সমঝোতা স্মারকের ক্ষেত্রে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের দায়িত্ব

১. বাংলাদেশে বর্তমানে চালু থাকা এবং বন্ধ হয়ে যাওয়া সিনেমা হলের একটি তালিকা প্রণয়নে সহযোগিতা করবে। পাশাপাশি চালু থাকা সিনেমা হল নিয়মিত পরিদর্শন কার্যক্রম চলমান রাখবে;
২. জেলা পর্যায়ে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের বিরুদ্ধে দায়েরকৃত চলচ্চিত্র সংশ্লিষ্ট মামলা তদারকি করবে ;
৩. জেলা তথ্য অফিসের সাথে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড নিয়মিত যোগাযোগের মাধ্যমে চলচ্চিত্রে অশ্লীলতা ও পাইরেসির বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড এর  
পক্ষে




মো: নিজামুল কবীর

ভাইস চেয়ারম্যান

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

গণযোগাযোগ অধিদপ্তর এর  
পক্ষে



মো: তৈয়ব আলী

পরিচালক (প্রচার ও সমন্বয়)

গণযোগাযোগ অধিদপ্তর